দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24 AUG ১৯৯৬ ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

ঢাকা মহানগর বিএনপির সমাবেশ

# ঢাকা ভার্সিটির ঘটনার বিচার বিভাগীয় তদন্ত চাই

ইত্তেফাক রিপোর্ট ॥ ছাত্রদল সভাপতি শহীদউদ্দীন চৌধুরী এ্যানিকে 'হত্যা' প্রচেষ্টা এবং

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## তদন্ত চাই

( ১ম পৃঃ পর)

দেশব্যাপী বিএনপি নেতা-কর্মীদের উপর হামলা-নির্যাতনের প্রতিবাদে মহানগর বিএনপি'র উদ্যোগে গতকাল (শুক্রবার) জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে অনুষ্ঠিত এক সমাবেশে বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনার বিষয়ে বিচার বিভাগীয় তদন্তের দাবী জানাইয়াছেন। তিনি বলেন, ক্ষমতা গ্রহণের পর গত দুই মাসে আওয়ামী লীগ সরকার ৪২ জন বিএনপি ও উহার অঙ্গ সংগঠনের নেতা-কর্মীকে হত্যা করিয়াছে। সাধারণ মানুষের নাভিশ্বাস উঠিয়াছে। ব্যবসায়ীরা চাঁদাবাজদের ভয়ে ব্যবসা করিতে পারিতেছে না। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে মামলা দায়েরের ব্যাপারে হুশিয়ারি উচ্চারণ করিয়া মান্নান ভূঁইয়া বলেন, নেত্রীর উপর আঘাত আসিলে জনগণকে সঙ্গে লইয়া প্রতিহত করা হইবে।

বিএনপি মহানগর শাখার সভাপতির সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে দলের সাবেক মহাসচিব ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদার, বিরোধী দলীয় চীফ হুইপ খন্দকার দেলোয়ার হোসেন, ব্যারিষ্টার রফিকুল ইসলাম মিয়া, যুবদল সভাপতি মির্জা আব্বাস, সাদেক হোসেন খোকা এমপি, গয়েশ্বর চন্দ্র রায়, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি, মেজর (অবঃ) হাফিজউদ্দিন এমপি, ছাত্রদল নেতা নাসির উদ্দিন আহমদ পিন্টু, জাসাস সভাপতি রেজাবুদ্দৌলা চৌধুরী, এহসানুল হক সেতু, হাবিবুল ইসলাম হাবিব প্রমুখ বক্তৃতা করেন।

আবদুল মান্নান ভুঁইয়া বলেন, '৯১ সালের সংসদে শেখ হাসিনা বলিয়াছিলেন সরকারকে একদিনও শান্তিতে থাকিতে দেওয়া হইবে না। কিন্তু সেই সময়ে বিএনপি সরকার তাহাদের বিরুদ্ধে কিছুই করে নাই। গত ১২ই জুন তাহারা কারচুপির মাধ্যমে ক্ষমতা গ্রহণের পরও বিএনপি তাহাদেরকে দেশ শাসনে সর্বাত্মক সহযোগিতা দেওয়ার কথা বলিয়াছে কিন্তু এই সরকার বিরোধী দলকে শান্তিতে থাকিতে না দেওয়ার সংকল্প করিয়াছে। তিনি বলেন, সংসদে আমাদের কথা বলিতে দেওয়া হয় না। সরকারী দলের সদস্যরা ঘন্টার পর ঘন্টা অসত্য ভাষণ দিয়া যাইতেছেন। টেলিভিশনকে করা হইয়াছে এটিভি (আওয়ামী লীগ টেলিভিশন)। মান্নান ভুঁইয়া বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল হইতে সন্ত্রাসী কর্তৃক বাহির করিয়া দেওয়া ছাত্রদের হলে ফিরাইয়া নিয়া লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া দিতে হইবে।

ব্যারিষ্টার সালাম তালুকদার বলেন, শেখ হাসিনা ও আওয়ামী লীগ অতীতের ন্যায় এখনও ফ্যাসিষ্ট দল হিসাবে জনগণের নিকট পরিচিত। ছাত্রদের হাতে বই তুলিয়া দেওয়ার কথা বলিয়া শেখ হাসিনা আজ ছাত্রলীগ ও সন্ত্রাসীদের দিয়া পুলিশের সহযোগিতায় একের পর এক চর দখলের মতন হল দখল করিতেছেন। মীর্জা আব্বাস বলেন, আওয়ামী লীগ কারচুপি করিয়া ক্ষমতা নেওয়ার পরও আমরা এত দ্রুত রাস্তায় নামিতে চাই নাই। কিন্তু তাহারা একের পর এক হত্যা নির্যাতন চালাইয়া যাইবে আর আমরা ঘরে বসিয়া 'আঙ্গুল চুষিব' এইরূপ ভাবা ঠিক নহে।

সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল রাজধানীর কয়েকটি সড়ক প্রদক্ষিণ শেষে বিএনপি কার্যালয়ে গিয়া শেষ হয়।